



# বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

“বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে”

স্থাপিত - ১৯৮৪



স্মারক নং- ৪৯.০২.০০০০.০০০.৯৯.০২১.২১. ৩৫২

তারিখ: ৩০.০১.২০২৫ খ্রি.

## সতর্কীকরণ বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)-এর কর্মকর্তা/কর্মচারীদের নাম, পদবি ও সিল ব্যবহার করে ফেইসবুকসহ বিভিন্ন প্রচার মাধ্যমে অসত্য ও ভূয়া কাগজপত্র তৈরি করে বিদেশে চাকরির প্রলোভন দেখিয়ে প্রতারণা করছে। বোয়েসেল-এর কোনো কোনো কর্মকর্তার পরিচয় দিয়ে একটি সংঘবদ্ধ প্রতারণক চক্র মালয়েশিয়া, কোরিয়াসহ বিভিন্ন দেশে উদ্দেশ্যমূলকভাবে বিদেশে চাকরি প্রত্যাশী সাধারণ মানুষকে প্রতারণার ফাঁদে ফেলছে। সম্প্রতি প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং বোয়েসেল-এর মহাব্যবস্থাপক জনাব নূর আহমেদ-কে জড়িয়ে একটি প্রতারণকচক্র বিভিন্ন বেসরকারি রিক্রুটিং এজেন্সির সাথে ফোন নং- ০১৬১১৩১৩৮০০, ০১৬১১৩১৩৮০০ এবং ইমেইল নং-gmboesl146@gmail.com-এর মাধ্যমে যোগাযোগ করে তাদের হয়রানি করছে যা অনভিপ্রেত ও দুঃখজনক। বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে। দক্ষ ও প্রশিক্ষিত কর্মীর বৈদেশিক কর্মসংস্থানে বোয়েসেল অঙ্গীকারবদ্ধ। বোয়েসেল-এর মাধ্যমে বিদেশ যেতে আপনি যাতে প্রতারণার শিকার না হন সে জন্য- (১) [www.boesl.gov.bd](http://www.boesl.gov.bd), (২) [www.facebook.com/boesl.gov.bd](https://www.facebook.com/boesl.gov.bd), (৩) [www.youtube.com/@boeslofficial](https://www.youtube.com/@boeslofficial) নিয়মিত ভিজিট করে চাকরির বিজ্ঞপ্তি দেখুন এবং [brms.boesl.gov.bd](http://brms.boesl.gov.bd)-এর মাধ্যমে অনলাইনে আবেদন করুন।

- নিয়োগ প্রক্রিয়ায় বোয়েসেল-এর কোনো এজেন্ট, সাব-এজেন্ট বা প্রতিনিধি নেই।
- চূড়ান্তভাবে কর্মী নির্বাচিত না হওয়া পর্যন্ত বোয়েসেল-কে কোনো প্রকার ফি প্রদান করতে হয় না। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে সকল ফি/চার্জ ব্যাংক পে-অর্ডারের মাধ্যমে প্রদান করতে হয়। নগদ অর্থ লেনদেন করা হতে বিরত থাকুন।

*(Signature)*  
৩০/০১/২০২৫

এস. এম. শফি কামাল  
কোম্পানি সচিব  
(উপসচিব)

BOESL

